ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন
ফিনিক্স রোড, ফুলবাড়িয়া,
নগর ভবন, ঢাকা।
www.dscc.gov.bd

স্মারক সংখ্যা : ৪৬.২০৭.০০০.০৩.০২.২৭১৯.২০১৯-৪২৭ তারিখ ঃ ১৯ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ
৩ সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের রাজস্বখাতভুক্ত নিম্নবর্ণিত শূন্য পদসমূহ পূরণের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে অনলাইনে (http://dscc.teletalk.com.bd ওয়েবসাইটে) আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। অনলাইন (Online) ব্যতীত কোন আবেদন গ্রহণ করা হবে না:

| ক্র. নং | পদের নাম ও বেতন স্কেল (জা. বে. স্কেল, ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | বয়স সীমা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. | সহকারী প্রকৌশলী (পুর) ২২,০০০-৫৩,০৬০/- (৯ম গ্রেড) | ৬ (ছয়)টি | ১৮-৩২ বছর | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পুর কৌশলে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি। |
| ২. | সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ) ২২,০০০-৫৩,০৬০/- (৯ম গ্রেড) | ২ (দুই)টি | ১৮-৩২ বছর | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিদ্যুৎ প্রকৌশলে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি। |
| ৩. | সহকারী প্রকৌশলী (যান্ত্রিক) ২২,০০০-৫৩,০৬০/- (৯ম গ্রেড) | ১ (এক)টি | ১৮-৩২ বছর | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যন্ত্র প্রকৌশলে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি। |
| ৪. | উপ-সহকারী প্রকৌশলী (পুর) ১৬০০০-৩৮৬৪০/- (১০ম গ্রেড) | ৫ (পাঁচ)টি | ১৮-৩২ বছর | কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হতে পুর কৌশলে ডিপ্লোমা। |
| ৫. | উপ-সহকারী প্রকৌশলী (যান্ত্রিক) ১৬০০০-৩৮৬৪০/- (১০ম গ্রেড) | ১ (এক)টি | ১৮-৩২ বছর | কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হতে যান্ত্রিক, পাওয়ার বা অটোমোবাইল প্রকৌশলে ডিপ্লোমা। |
| ৬. | উপ-সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ) ১৬০০০-৩৮৬৪০/- (১০ম গ্রেড) | ৩ (তিন)টি | ১৮-৩২ বছর | কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হতে বিদ্যুৎ প্রকৌশলে ডিপ্লোমা। |

২। **নিম্নলিখিত শর্তাবলী অবশ্যই অনুসরণ করতে হবে ঃ**

১। বয়সসীমা: ১ আগস্ট ২০২৫ তারিখে প্রার্থীর বয়স ১৮ থেকে ৩২ বছর হতে হবে। এসএসসি সনদের ভিত্তিতে বয়স নির্ধারণ করা হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়;

২। সরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত ও সংবিধিবদ্ধ সংস্থায় কর্মরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। সকল চাকুরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ প্রদত্ত অনাপত্তি/ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে;

৩। নিয়োগের ক্ষেত্রে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন চাকুরি প্রবিধানমালা, কোটা পদ্ধতি ও প্রযোজ্য ক্ষেত্রে সরকারের সর্বশেষ জারিকৃত বিধি-বিধান/নীতিমালা যথাযথভাবে অনুসরণ করা হবে;

৪। মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং Online -এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপিসহ (ক) সকল শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত অনুলিপি (খ) পাসপোর্ট সাইজের ৪ কপি ছবি (গ) জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদ (প্রযোজ্য ক্ষেত্রে) (ঘ) নাগরকিত্ব সনদ (ঙ) চারিত্রিক সনদপত্রের সত্যায়িত অনুলিপি;

৫। কোটা দাবির সমর্থনে প্রার্থীকে সর্বশেষ নীতিমালা অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত ছায়ালিপি দাখিল করতে হবে;

৬। লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার TA/DA প্রদান করা হবে না;

৭। বিজ্ঞপ্তি অনুযায়ী উল্লিখিত পদের জন্য লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হবেন;

৮। পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://dscc.teletalk.com.bd ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনপত্রের বিস্তারিত নিয়মাবলী http://dscc.teletalk.com.bd এবং www.dscc.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে। আবেদনের সময়সীমা নিম্নরূপঃ

(I) Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ৮ সেপ্টেম্বর ২০২৫ সকাল ১০.০০ টা।

(II) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ০৮ অক্টোবর ২০২৫ তারিখ বিকাল ৫.০০ টা।

(III) উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন;

৯। আবেদনকারীকে পরীক্ষার ফি বাবদ বিজ্ঞপ্তির ১ হতে ৬ নং ক্রমিকের পদের জন্য পরীক্ষার ফি বাবদ ২০০/- (দুইশত) টাকা ও টেলিটক এর সার্ভিস চার্জ বাবদ ২৩/-(তেইশ) টাকাসহ মোট ২২৩/- (দুইশত তেইশ) টাকা, তবে সকল গ্রেডের পদের ক্ষেত্রে অনগ্রসর শ্রেণির (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীগণ) প্রার্থীরা আবেদন ফি বাবদ ৫০/- (পঞ্চাশ টাকা) ও teletalk এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ৬/- (ছয়) টাকাসহ সর্বমোট ৫৬ (ছাপ্পান্ন) টাকা Teletalk pre-paid mobile ব্যবহার করে প্রদান করতে হবে;

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন
ফিনিক্স রোড, ফুলবাড়িয়া,
নগর ভবন, ঢাকা।
www.dscc.gov.bd

১০। Online এ আবেদন করতে সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নাম্বারে ফোন করে তথ্য জানা যাবে অথবা **alljobs.query@teletalk.com.bd** ই-মেইলে যোগাযোগ করা যাবে;

১১। কোনো কারণ উল্লেখ ব্যতিরেকে এ নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ সংশোধন/স্থগিত/বাতিল করার ক্ষমতাসহ নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদ সংখ্যা দাপ্তরিক প্রয়োজন ও জনস্বার্থে কম/বেশি করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন;

১২। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে;

১৩। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইননানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোনো প্রার্থীর প্রার্থিতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন;

১৪। উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে সরকারের সর্বশেষ জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে;

০৩.০৯.২০২৫

(মুহাম্মদ শফিকুল ইসলাম)
সচিব
ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন

স্মারক সংখ্যা : ৪৬.২০৭.০০০.০৩.০২.২৭১৯.২০১৯-৪২৭

তারিখ ঃ ১৯ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ
৩ সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ**

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ; স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিমিটেড, রাজউক কমার্শিয়াল কমপ্লেক্স, হোল্ডিং # ৩/এ, ৫/এ, ৭/এ, রোড # ১৭, গুলশান, ঢাকা-১২১২।
৩। প্রশাসকের একান্ত সচিব, ঢাদসিক (প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। সিস্টেম এনালিস্ট, ঢাদসিক [এ বিজ্ঞপ্তিটি এবং অনলাইনে আবেদন করার বিস্তারিত নিয়মাবলী ঢাদসিক এর ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ ]।
৫। জনসংযোগ কর্মকর্তা, ঢাদসিক [এ বিজ্ঞপ্তিটি বহুল প্রচারিত ১টি বাংলা ও ১টি ইংরেজি দৈনিক জাতীয় পত্রিকায় প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ ]।
৬। প্রধান নির্বাহী কর্মকর্তার স্টাফ অফিসার, ঢাদসিক (প্রধান নির্বাহী কর্মকর্তার সদয় অবগতির জন্য)।
৭। জনাব এ কে এম দিদার উদ্দিন সেলিম, ডেপুটি ম্যানেজার, ডিজিটাল সার্ভিসেস, টেলিটক বাংলাদেশ লিমিটেড, এ বিজ্ঞপ্তিটি এবং অনলাইনে আবেদন করার বিস্তারিত নিয়মাবলী ওয়েবসাইটে [http://dscc.teletalk.com.bd) প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]।
৮। সহকারী সচিব, সংস্থাপন শাখা-১, ২ ও ৩, ঢাদসিক।
৯। সহকারী সচিব, সাধারণ প্রশাসন শাখা, ঢাদসিক (তিনি এ বিজ্ঞপ্তিটি নগর ভবন নোটিশ বোর্ডে সাঁটানোর ব্যবস্থা গ্রহণ করবেন)।
১০। অফিস কপি (নথি নম্বর-৪৬.২০৭.০০০.০৩.০২.২৭১৯.২০১৯ তারিখ ঃ ২৩.০৫.২০১৯)।

০৩/০৯/২০২৫

(রফিকুল ইসলাম)
সহকারী সচিব
সংস্থাপন শাখা-২
ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন

**ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন**
ফিনিক্স রোড, ফুলবাড়িয়া,
নগর ভবন, ঢাকা।
www.dscc.gov.bd

**অনলাইনে আবেদন করার বিস্তারিত নিয়মাবলী ঃ**

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://dscc.teletalk.com.bd ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ ঃ

(i) Online -এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় ঃ ৮ সেপ্টেম্বর ২০২৫ সকাল ঃ ১০.০০ টা।

(ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ঃ ৮ অক্টোবর ২০২৫ বিকাল ঃ ০৫.০০ টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন;

খ. Online আবেদনপত্রে প্রার্থী তাঁর রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৩০০) pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৮০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100 KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60 KB হতে হবে;

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online -এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন;

ঘ. প্রার্থী Online -এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন;

ঙ. SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান ঃ Online -এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং Signature Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী প্রিন্ট অথবা ডাউনলোড করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে। উক্ত User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোনো teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে বিজ্ঞপ্তির ১ হতে ৬ নং ক্রমিকের পদের জন্য পরীক্ষার ফি বাবদ ২০০/- (দুইশত) টাকা ও টেলিটক এর সার্ভিস চার্জ বাবদ ২৩/- (তেইশ) টাকাসহ মোট ২২৩/- (দুইশত তেইশ) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিতে হবে। তবে সকল গ্রেডের পদের ক্ষেত্রে অনগ্রসর শ্রেণির (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীগণ) প্রার্থীরা আবেদন ফি বাবদ ৫০/- (পঞ্চাশ টাকা) ও teletalk এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ৬/- (ছয়) টাকাসহ সর্বমোট ৫৬ (ছাপ্পান্ন) টাকা ৭২ ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য, Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online-এ আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।"

প্রথম SMS: DSCC<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: DSCC ABCDEF

Reply: Applicant's Name, Tk. 223 will be charged as application fee. Your PIN is XXXXXXXX. To pay fee Type DSCC<Space>Yes<Space>PIN and send to 16222 নম্বরে।

দ্বিতীয় SMS: DSCC<space>YES<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: DSCC YES XXXXXXXX

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for DSCC Application for XXXXXXXXXXXX User ID is (ABCDEF) and Password (XXXXXXX).

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি **http://dscc.teletalk.com.bd** অথবা ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এর Website: www.dscc.gov.bd'র এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। **Online** আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিক অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS -এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (সম্ভব হলে রঙ্গিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

জ. শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, Serial এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলেDSCC<space>Help<space>User<space>User ID & Send to 16222.
Example: DSCC HELP USER ABCDEF

ii. PIN Number জানা থাকলেDSCC<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222.
Example: DSCC HELP PIN 12345678

(মুহাম্মদ শফিকুল ইসলাম)
সচিব
ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন